মেহেরপুর জেলা প্রশাসকের বিদায় সংবর্ধনা

গাংনীতে আবেগঘন পরিবেশে মেহেরপুরের জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল ১০ টার সময় গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আয়োজিত বিদায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু।

প্রধান অতিথি ছিলেন বিদায়ী জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন ডিসি পত্নি ও বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী দেওয়ান ফেরদৌস আরা।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক, সাবেক এমপি মকবুল হোসেন, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম,গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী, গাংনী সরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রাজ্জাক, গাংনী মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, তেতঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস পচু, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহম্মেদ, কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মু. আলম হুসাইন, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, রাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম মিয়া, ইটভাটা মালিক সমিতির সভাপতি এনামুল হক, সিনিয়র সাংবাদিক ফারুক আহম্মেদ, সাংবাদিক রফিকুল ইসলাম বকুল প্রমুখ।

উপস্থিত ছিলেন, সরকারি দফতরের কর্মকর্তা, মুক্তিযোদ্ধা, সাংবাদিক, শিক্ষক, মসজিদের ইমামসহজ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ।

মেহেরপুরের বারাদী বীজ উৎপাদন খামারে দ্বিতীয় দিনের শ্রমিক ধর্মঘট চলছে

মেহেরপুরের বারাদী বীজ উৎপাদন খামার (বিএডিসি) কৃষি খামারে বিভিন্ন দাবি বাস্তবায়নের লক্ষ্যে অবস্থান ধর্মঘট,মানববন্ধন ও র্যালি অনুষ্ঠিত হয়েছে।

এর আগে শুক্রবার সকাল সাড়ে ৬ টায় ১০ দিনব্যাপি বারাদী খামার চত্তরে শ্রমিক ইউনিয়নের উদ্যোগে দ্বিতীয় দিনের শ্রমিকদের বেতন বৃদ্ধি, নিয়মিতকরণ ও বাৎসরিক দুইটি উৎসব ভাতা প্রদান সহ ১৩ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে কেন্দ্রীয় ঘোষিত কর্মসূচির অংশ হিসাবে বারাদী খামারের শ্রমিকেরা এ কর্মসূচি পালন করে।

বাংলাদেশ কৃষি খামার শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক গোলাম সারোয়ার বলেন, কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বেশ কিছু প্রতিষ্ঠান সরকারি সকল সুবিধা পেলেও কৃষি খামার শ্রমিকেরা সকল প্রকার সুযোগ সুবিধা থেকে বঞ্চিত। একই প্রতিষ্ঠানে দীর্ঘদিন কাজ করেও শ্রমিকদের বেতন বাড়ছে না, তাদের নিয়মিত করণ করা হচ্ছে না, সরকারি কর্মকর্তারা ইচ্ছেমাসিক শ্রমিক ছাটাই ও কাজ দিচ্ছেন, শ্রমিকেরা ছুটি ভোগ করতে পারে না, চিকিৎসা ভাতা পায় না এই সকল দাবি বাস্তবায়নের লক্ষ্যে কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশন ১৩ দফা দাবি আদায়ে কর্মসূচি গ্রহণ করেছে।

বারাদী কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশনের সভাপতি আলতাব হোসেন বলেন, কেন্দ্রীয় ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে দাবী আদায়ের লক্ষ্যে দশ দিনব্যাপী আমাদের কার্যক্রম অব্যাহত থাকবে। এ সময় বক্তব্য রাখেন শ্রমিক নেতা শাহাবুদ্দিন, আব্দুর রশিদ, মিঠুন আলী, সাবিরুল ইসলাম। আরও উপস্থিত ছিলেন বারাদী কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশনের সহ-সভাপতি আজগার আলী খোকন, সাধারণ সম্পাদক কাজী আলম, আলিমদ্দীন, আক্তার হোসেন, মিনহাজ উদ্দীন, জিয়া, সামাদ, রফিকসহ আরও অনেকে।

গাংনীতে সাপের কামড়ে কলেজ ছাত্র নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার করমদি গ্রামে সাপের কামড়ে আকাশ আহম্মেদ
(১৮) নামের এক কলেজ ছাত্র নিহত হয়েছেন।

আকাশ আহম্মেদ করমদি গ্রামের কুমারপাড়ার রাহিদুল ইসলামের ছেলে ও করমদি ডিগ্রি কলেজের একাদশ শ্রেনীর ছাত্র।

গতরাতে বিছানায় ঘুমন্ত অবস্থায় আকাশ আহাম্মেদের হাতে সাপে কামড় দেয়। রাতেই তাকে স্থানীয় এক ওঝাঁ’র (কবিরাজ) কাছে নিলে সে ঝাঁড়ফুক করে দেন। আজ সকালে তার অবস্থা খারাপ হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়ার সময় পথের মধ্যে মারা যায় সে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

মেহেরপুরে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুর পৌরসভার ৫নং ওয়ার্ড চক্রাপাড়া উদ্যোগে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হয়।

শুক্রবার বিকেলে মেহেরপুর পৌরসভার ৫নং ওয়ার্ড চক্রপাড়ায় ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন করা হয়।

উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর

জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার ৬নং ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাবেক সেক্রেটারি ও জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা সহ বিভিন্ন শ্রেণী পেশার ফুটবল প্রেমিক দর্শকরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে কৃষি খামার শ্রমিকদের ১৩ দফা বাস্তবায়নের দাবীতে মানববন্ধন

মেহেরপুর বীজ উৎপাদন খামার-বিএডিসি বারাদীতে কৃষি ফার্ম শ্রমিক ইউনিয়নের ১৩ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে র্যালি ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (২১ জুলাই) সকালে বারাদী বীজ উৎপাদন খামার প্রাঙ্গনে কর্মসূচির সুচনা করা হয়। দশ দিন ব্যাপী এই কর্মসূচিটি ২১ জুলাই থেকে ৩০ জুলাই পর্যন্ত কেন্দ্র ঘোষিত এই কর্মসূচি পালন করা হবে।

শ্রমিকদের বেতন বৃদ্ধি, চাকুরি নিয়মিতকরণ এবং বাৎসরিক দুইটি উৎসব ভাতা প্রদান সহ ১৩ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসাবে বারাদী খামারের তালিকাভুক্ত শ্রমিকরা এ কর্মসূচি পালন করেন। দশ দিনব্যাপী কর্মসূচির তালিকায় আছে খামার ও কেন্দ্র সমূহের অফিসের সামনে মিছিল, মিটিং, অবস্থান কর্মসূচী, মানববন্ধন, অনশন ও র্যালী।

বারাদী কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশনের সভাপতি আলতাফ হোসেন বলেন, ‘কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে দাবী আদায়ের লক্ষ্যে দশ দিনব্যাপী আমাদের কার্যক্রম অব্যাহত থাকবে।’

বাংলাদেশ কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক গোলাম সারোয়ার বলেন, ‘কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বেশ কিছু প্রতিষ্ঠান

সরকারি সকল সুবিধা পেলেও কৃষি খামার শ্রমিকেরা সকল প্রকার সুযোগ সুবিধা থেকে বঞ্চিত। কৃষি ফার্ম শ্রমিকদের ক্ষেত্রে সরকারি কোন নীতিমালা বাস্তবায়ন করা হচ্ছে না।মএকই প্রতিষ্ঠানে দীর্ঘদিন কাজ করেও শ্রমিকদের বেতন বাড়ে না, তাদের নিয়োগ নিয়মিত করণ করা হচ্ছে না। সরকারি কর্মকর্তাদের ইচ্ছামাফিক শ্রমিক ছাটাই ও নিয়োগ চলছে।’

এ সময় আরও বক্তব্য রাখেন শ্রমিক নেতা শাহাবুদ্দিন, আব্দুর রশিদ, মিঠুন আলী, সাবিরুল ইসলাম প্রমুখ।

মেহেরপুর জেলা যুবলীগের একাংশের প্রতিবাদ মিছিল ও সমাবেশ

যুবলীগ নেতা আজাদ শেখের হত্যার প্রতিবাদে ও এই হত্যাকাণ্ডের সাথে জড়িত বিএনপি-জামাতের সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেফতারের দাবিতে কেন্দ্রীয় যুবলীগের নির্দেশে সারা দেশের ন্যায় মেহেরপুরেও জেলা যুবলীগের প্রতিবাদ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (২১ জুলাই) বিকাল সাড়ে পাচটায় মেহেরপুর জেলা যুবলীগের একাংশের আয়োজনে মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক সরফরাজ হোসেন মৃদুলের নেতৃত্বে এই প্রতিবাদ মিছিল সমাবেশ অনুষ্ঠিত হয়।

তবে কর্মসূচি প্রতিবাদ মিছিল ও সমাবেশের হলেও মিছিলের ব্যানারে লেখা ছিল “২০ মে ২০২৩ শনিবার, শান্তি সমাবেশ ও বিক্ষোভ মিছিল। ” মেহেরপুরের বিভিন্ন অনলাইন পোর্টাল ও ফেসবুক পেজে কর্মসূচিটি লাইভ করা হয়। ব্যানারের এই ভুল নিয়ে বিভিন্ন মহলে বিরূপ প্রতিক্রিয়া তৈরি হয়।

উল্লেখ্য ২০ জুলাই খুলনা বিভাগীয় “তারুণ্যের জয়যাত্রা” সমাবেশ শেষে সন্ধ্যায় বাড়ি ফেরার পথে নড়াইলের কালিয়া উপজেলার ১১ নং পেরুলিয়া ইউনিয়নের খেয়াঘাটে ওৎপেতে থাকা বিএনপি-জামাতের সঙ্ঘবদ্ধ

সন্ত্রাসী হামলায় ১১ নং পেরুলিয়া ইউনিয়ন যুবলীগ নেতা আজাদ শেখ
(৩০) নিহত হন এবং যুবলীগ কর্মী জনি সরদার গুরুতর আহত হন। বিএনপি-জামাতের ন্যাক্কারজনক সন্ত্রাসী হামলার তীব্র প্রতিবাদ জানিয়েছেন বাংলাদেশ আওয়ামী যুবলীগ চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ ও সাধারণ সম্পাদক আলহাজ্ব মোঃ মাইনুল হোসেন খান নিখিল। একই সাথে যুবলীগ নেতা আজাদ শেখের হত্যাকাণ্ডের প্রতিবাদে এবং এই হত্যাকাণ্ডের সাথে জড়িত বিএনপি-জামাতের সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেফতারের দাবিতে দেশব্যাপী এই কর্মসূচি পালন করা হয়।

মেহেরপুরে কর্নেল আবু তাহেরের ৪৭ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরে শহীদ কর্নেল আবু তাহের (বীরউত্তম) এর ৪৭ তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার ২১ জুলাই বিকাল ৫ টায় মেহেরপুর জেলা প্রেসক্লাবে জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ মেহেরপুর জেলা শাখার আয়োজনে এবং জেলা জাসদের সভাপতি ওমর আলীর সভাপতিত্বে, যুবজোট নেতা নুরু উস সাফা প্লাবনের সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান বক্তা হিসেবে কর্ণেল আবু তাহেরের দীর্ঘ সংগ্রামী জীবন তুলে ধরে জেলা জাসদের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু বলেন কর্নেল আবু তাহেরের রাজনৈতিক দর্শনের প্রয়োজনীয়তা ও গ্রহণযোগ্যতা বর্তমান প্রেক্ষাপটেও একইভাবে প্রযোজ্য।

আলোচনা অরোও বক্তব্য রাখেন রাখেন মেহেরপুর জেলা জাসদের সাবেক সভাপতি হারুনর রশীদ। এ সময় জেলা জাসদ ও যুব জোটের কর্মী ও নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

রোমানিয়ায় গিয়ে প্রতারনার শিকার মুজিবনগরে দুই যুবক; থানায় অভিযোগ

মেহেরপুরের মুজিবনগরে ভাগ্যের চাকা ঘোরাতে ইউরোপের দেশ রোমানিয়ায় গিয়ে প্রতারণার শিকার হয়েছেন সজিব মোল্লা ও দেলোয়ার হোসেন নামের দুই যুবক। ভালো বেতনের কাজের আশায় গিয়ে ৩ মাসের মধ্যে সব কিছু খুইয়ে নিঃস হয়ে বাড়ি ফিরেছেন তারা।

এ ঘটনায় মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের সাদ্দাস হোসেন নামের এক দালালের বিরুদ্ধে মুজিবনগর থানায় আলাদা আলাদা অভিযোগ করেছেন ভুক্তভোগীরা।

প্রতারণার শিকার মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের হজরত আলীর ছেলে দেলোয়ার হোসেন তার লিখিত অভিযোগে বলেন, উপজেলার দারিয়াপুর গ্রামের আত্তাব উদ্দীনের ছেলে সাদ্দাম হোসেন দুর্ধর্ষ ও প্রতারক। প্রতারক সাদ্দাম হোসেন নিজেকে আদম ব্যবসায়ী হিসেবে দাবি করে বিভিন্ন দেশে চাকরি দিয়ে থাকেন। ৬০ হাজার বাংলা টাকা বা ২৫৫০ লেই এর বেতনে ফ্যাক্টরিতে শ্রমিকের কাজ দেবো। তার সরল কথায় বিশ্বাস করে সহায় সম্বল বিক্রি করে ৭ লাখ ৭০ হাজার টাকায় চুক্তি করি। পরে রোমানিয়া গেলে কোন দায়িত্ব না নিয়ে সে দেশের একটি ৯তলা বিল্ডিংএর একটি কক্ষে তালা মেরে রেখে দিতো। পরে হাতে পায়ে ধরে দেশে পাঠিয়ে দেয়ার অনুরোধ করি সাদ্দামকে। কিছুদিন পর বিভিন্ন কাগজপাতিতে সাক্ষর করে ও দেশে আমার বাবা-মার লোক মারফতে সাক্ষর নিয়ে আমাকে দেশে পাঠিয়ে দেয়। সেই সাথে ৫ লাখ টাকা ফেরত দেবার আশ^◌াস দেয়। পরে দেশে এসে সে টাকা চাইলে বিভিন্ন ধরনের হুমকি ধামকি দিয়ে আসছে। দেলোয়ার হোসেন আরও বলেন, আমার সাথে যখন তার চুক্তি হয় তখন সে দেশেই নিজ বাড়িতে ছিল। এখন সে ইতালিতে আছে।

একই অভিযোগ করেন উপজেলার রামনগর গ্রামের আসলাম মোল্লার ছেলে সজিব মোল্লা। তিনি বলেন, রোমানিয়াতে যাওয়ার ১০ দিনের মধ্যে আমার ভিসা বাতিল হয়ে যায়। পরে সাদ্দাম আমার কাছে আরও ৪ লাখ টাকা

চাই, ইতালিতে পাঠিয়ে দেবার কথা বলে। কিন্তু আমার কাছে টাকা না থাকায় দিতে অপরাগতা প্রকশ করি। তখন সে আমাকে একটি বদ্ধ ঘরে তালা মেরে রেখে দিতো। পরে আমি সুযোগ বুঝে খাবার কেনার নাম করে পালিয়ে সে দেশের পুলিশের আশ্রয় নিই। কিছুদিন পর আমাকে দেশে পাঠিয়ে দেয়া হয়।
এ বিষয়ে দালাল সাদ্দামের সাথে ফেসবুক মেসেঞ্জারের মাধ্যমে যোগাযোগ করা হলে তিনি বলেন, যারা দেশে ফিরে গেছে তারা নিজ দায়িত্বে ফিরে গেছে। আমার কাছে লিখিত প্রমান আছে।

এ বিষয়ে মুজিবনগর থানার ওসি মেহেদি রাসেল জানান, ঘটনার তদন্ত চলছে। শেষ হলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে খাস জমি নিয়ে সংঘর্ষে উভয় পক্ষের আহত ১১

গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের জালশুকা গ্রামে খাস জমি দখল নিয়ে দুই পক্ষের মধ্যে সৃষ্ট সংঘর্ষে উভয়পক্ষের নারী সহ ১১ জন আহত হয়েছেন।

আহতদের গাংনী উপজেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাটি ঘটেছে আজ বৃহস্পতিবার (২০ জুলাই) মাগরিবের নামাজের পরে।

আহতরা হলেন, আসাদুল ইসলামের ছেলে রিপন (২৬), হাইয়াত আলীর ছেলে মিনারুল (৫০) শাহিনের স্ত্রী শিল্পী খাতুন (২৫), আমির উদ্দিনের ছেলে তোমছেল (৬০), আজগর আলীর ছেলে ইকরাম (৩৫), মনিরুদ্দিনের ছেলে টুটুল (৩৮) অপরপক্ষে আহত রা হলেন, আব্দুর রহমানের ছেলে মোবারক (৩৫), স্ত্রী জাহানারা (৫০), নজরুল ইসলামের স্ত্রী মহিলা (৫০), মফিজ উদ্দিনের ছেলে আরমান (৫০) ও সাহাবুল (৩৫)।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন। এ ঘটনায় উভয় পক্ষই মামলার প্রস্তুতি নিচ্ছেন।

মেহেরপুরের কথিত সাংবাদিক আতাউরের বিরুদ্ধে চাঁদাবাজি মামলা

মেহেরপুরের কথিত সাংবাদিক, আত্মস্বীকৃত বঙ্গবন্ধুর গবেষক আতাউর রহমানসহ দুজনের বিরুদ্ধে বিরুদ্ধে ১৫ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগে আদালতে মামলা দায়ের করা হয়েছে। আপর আসামি হলেন রফিকুল ইসলাম নামের এক ব্যক্তি।

আজ বৃহস্পতিবার মেহেরপুরের ডায়মন্ড অটোমেটিক রাইস মিলের ম্যানেজার মোস্তাফিজুর রহমান বাদী হয়ে মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালতে মামলাটি দায়ের করেন। যার মামলা নং ৫১৪/২০২৩, ধারা ৪৪৭/৪৪৮/৩২৩/৩৮৫/৩৮০/৫০৬ প্যানাল কোড। মামলাটি আমলে নিয়ে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেসন (পিবিআই) কে তদন্তের নির্দেশ দিয়েছেন আদালত।

মামলার এজাহারে বলা হয়েছে, মামলার ২নং আসামি আতাউর রহমান একজন মুখোশধারি সাংবাদিক। ১ নং আসামির প্রত্যক্ষ মদদে ও অন্যান্য সন্ত্রাসীদের ব্যবহারে আসামিদ্বয় দীর্ঘদিন যাবৎ বাদির নিকট থেকে ১৫ লক্ষ টাকা চাঁদা দাবি করে আসছেন। চাঁদা না দিলে আসামিরা বাদির প্রতিষ্ঠানের বিরুদ্ধে মিথ্যা সংবাদ প্রকাশ করে এই প্রতিষ্ঠানের ক্ষতি সাধণ করবে। এছাড়া ব্যবসা প্রতিষ্ঠানটি বন্ধ করে দিবে। বাদি তাদের এই হুমকিতে পাত্তা না দিলে বিগত ৯ জুলাই বিকাল ৫টার দিকে দেশীয় অস্ত্রসহ রাইসমিলে প্রবেশ করে। পরে ম্যানেজারকে অস্ত্রের মুখে জিম্মি করে মারধর করে ১ নং আসামি রফিকুল ইসলাম ক্যাশ বাক্সে থাকা নগদ ৩ লাখ ৮২ হাজার ৭২০ টাকা ছিনিয়ে নেয়। ২ নং আসামি আতাউর রহমান অস্ত্র ধরে প্রকাশ্যে ১২ লাখ টাকা চাঁদা দাবি করেন। এসময় বাদি অপারগতা প্রকাশ করলে আসামিরা মিলের গেটে তালা লাগিয়ে দেন এবং মিল বন্ধ করার ঘোষণা দেন। পরে বাদি ৯৯৯ কল দিলে পুলিশ গিয়ে মিলের তালা খুলে দেন। পুলিশ আসার আগেই তারা পালিয়ে যায় বলে উল্লেখ করেছেন মামলার বাদি মোস্তাফিজুর রহমান।

স্থানীয়রা জানান, কথিত সাংবাদিক আতাউর রহমান নিজেকে বিভিন্ন অখ্যাত ও নাম সর্বস্ব পত্রিকা ও অনলাইনের সাংবাদিক পরিচয় দিয়ে থাকেন। নিজেকে কখনো কখনো বঙ্গবন্ধুর গবেষক পরিচয় দিয়ে থাকেন।